

Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and H.E. Joseph R. Biden, President of the United States of America

April 26, 2021

মার্কিন রাষ্ট্রপতি বাইডেনের সঙ্গে প্রধানমন্ত্রীর টেলিফোনে কথা

এপ্রিল 26, 2021

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মার্কিন রাষ্ট্রপতি জোসেফ আর বাইডেনের সঙ্গে আজ টেলিফোনে কথা বলেছেন। উভয় নেতা নিজ নিজ দেশে কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করেছেন। এর মধ্যে ভারতে দ্রুত টিকাকরণের উদ্যোগ, গুরুত্বপূর্ণ ওষুধ, চিকিৎসা পরিষেবার সরঞ্জাম সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ-এর মোকাবিলা করার বিষয় নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়েছে।

রাষ্ট্রপতি বাইডেন ভারতের পাশে থাকার বার্তা দিয়েছেন। ওষুধ, কোভিশিল্ড টিকার কাঁচামাল পাওয়া নিশ্চিত করা, ভেন্টিলেটরের মত বিভিন্ন উপাদানের দ্রুত যোগানের ব্যবস্থা করার মধ্য দিয়ে ভারতের কোভিডের বিরুদ্ধে লড়াইকে সহায়তা করার বিষয়ে তিনি আশ্বাস দিয়েছেন।

প্রধানমন্ত্রী, মার্কিন সরকারের সহায়তার আশ্বাসের জন্য ধন্যবাদ জানিয়েছেন। তিনি আলোচনায় ভ্যাকসিন মৈত্রী এবং কোভ্যাক্স ও কোয়াড টিকা উদ্যোগে शामिल হওয়ার মাধ্যমে পৃথিবী জুড়ে কোভিড-১৯ মহামারী নির্মূল করার বিষয়ে ভারতের অঙ্গীকারের কথা জানিয়েছেন। টিকা, ওষুধ, চিকিৎসার জন্য ব্যবহৃত কাঁচামাল সরবরাহ যাতে বাধাহীন ভাবে হয়, শ্রী মোদী সেই বিষয়টিতে জোর দিয়েছেন।

কোভিড-১৯ মহামারীর বিরুদ্ধে লড়াই-এ টিকা উদ্ভাবন ও সরবরাহে ভারত- মার্কিন অংশীদারিত্বের সম্ভাবনার উপর উভয় নেতা জোর দেন। সংশ্লিষ্ট বিষয়ে নিবিড় সহযোগিতা ও সমন্বয় বজায় রাখার জন্য তাঁরা আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

উন্নয়নশীল দেশগুলি যাতে টিকা এবং ওষুধ দ্রুত সম্ভা দামে পেতে পারে তার জন্য 'ট্রিপস'-এর চুক্তির নিয়মাবলীতে ছাড়ের বিষয় নিয়ে বিশ্ব বাণিজ্য সংস্থায় ভারতের উদ্যোগের প্রসঙ্গটি শ্রী মোদী, মিঃ বাইডেনকে জানিয়েছেন।

ভবিষ্যতে নিজেদের মধ্যে যোগাযোগ রাখার বিষয়ে তাঁরা সহমত পোষণ করেছেন।

নিউ দিল্লি

এপ্রিল 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.